দুর্ভোগের অপর নাম কালনা ফেরিঘাট

গোপালগঞ্জ, সেপ্টেম্বর ০৪ ।- গোপালগঞ্জ ও নড়াইলের সংযোগস্থল মধুমতি নদীর কালনা ফেরিঘাটের দুই পাড়ের গ্যাংওয়ে তলিয়েছে ১০ দিন। পানিপথে নেমে কখনো কখনো গাড়ি বন্ধ হয়ে গেলেও থেমে নেই চলাচল। পানিতে তলিয়ে থাকা পথেই ঝুঁকি নিয়ে চলছে পারাপার।

বিডিনিউজ জানায়: শুক্রবার সরেজমিনে দেখা গেছে, গুরুত্বপূর্ণ এ ফেরিঘাটের নড়াইল জেলার কালনা পাড়ে গ্যাংওয়ের পাশে আটটি নৌকা সারিবদ্ধভাবে রাখা আছে। পন্টুন থেকে পাড়ে পৌঁছতে যাত্রীদের আবার চড়তে হচ্ছে নৌকায়। গাড়িগুলোকে চলতে হচ্ছে তলিয়ে থাকা পথেই। এছাড়া গোপালগঞ্জ অংশের শঙ্করপাশার ফেরিঘাটের পাড়ও তলিয়েছে। সেখানেও বাঁধা আছে নৌকা। গত মে মাসে পাঁচ লাখ টাকা ব্যয়ে গ্যাংওয়ের অ্যাপ্রোচ-ওয়ে নির্মাণ করা হয়। তবে এ সড়ক এখন কোনো কাজে আসছে না।

বেনাপোল স্থলবন্দর, নওয়াপাড়া বন্দর, যশোর, নড়াইল, খুলনাসহ দেশের গুরুত্বপূর্ণ স্থানে মালামাল ও যাত্রী পরিবহনের জন্য কালনা ফেরিঘাট ব্যবহার করা হয়। আর ঈদ সামনে রেখে এ ফেরিঘাটে ব্যস্ততা আরো বেড়েছে। কিন্তু ঘাটের দুটি ফেরির মধ্যে একটি চার মাস বিকল হয়ে আছে। অন্যটি দিয়েই এখন গড়ে প্রতিদিন ছয় হাজার যাত্রী ও এক হাজার যানবাহন পারাপার হচ্ছে।

নড়াইল জেলার বেদভিটা গ্রামের বাসিন্দা ও শক্তি ফাউন্ডেশনের কর্মকর্তা বিএম খালিদ হাসান জানান, তাকে প্রতিদিন অফিসের কাজে নড়াইল থেকে এ ফেরি পার হয়ে গোপালগঞ্জ যাতায়াত করতে হয়।

তিনি বলেন, এজন্য ফেরিঘাটে প্রথম ১০ টাকা দিতে হয় ঘাট খাজনা হিসেবে। এরপর ট্রলারে ২০ টাকা ভাড়া গুণতে হয়। শেষে ফেরির পন্টুন থেকে মটর সাইকেল নামাতে দিতে হয় আরো ১০ টাকা। নড়াইল ও গোপালগঞ্জ যাতায়াতে মটর সাইকেলে ৬০ টাকার পেট্রোল লাগে জানিয়ে তিনি বলেন, "কিন্তু নদী পার হতে আপ-ডাউনে খরচ হয় ৮০ টাকা। তার পর তো রয়েছে ভোগান্তি ও সময় অপচয়ের বোঝা।"

চর কালনা গ্রামের মাঝি আমিন মোল্লা জানান, ১০ দিন আগে দুই পাড় তলিয়েছে। আটটি নৌকা পাতিয়ে যাত্রী পারাপার করা হচ্ছে। এজন্য যাত্রী প্রতি ২ টাকা আদায় করা হচ্ছে।

ফেরিচালক বুলু ঠাকুর বলেন, ৭৩ নম্বর ফেরিটি চার মাস বিকল হয়ে আছে। ৭৭ নং ফেরি দিয়ে কোনো রকম খুঁড়িয়ে খুঁড়িয়ে পারাপারের কাজ চলছে। তিনি বলেন, প্রতিদিন একটি ফেরি দিয়ে এক হাজার যানবাহন পারাপার করা হচ্ছে। মাঝে মাঝে এ ফেরির ইঞ্জিন বন্ধ হয়ে পারাপার ব্যবস্থা ভেঙ্গে পড়ে। যে কোনো সময় এ ফেরিটিও নষ্ট হয়ে পারাপার একেবারে বন্ধ হয়ে যেতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেন তিনি।বুলু ঠাকুর জানান, দুই পাড়ে গ্যাংওয়ে তলিয়ে যাওয়ায় ফেরি লোড-আনলোডে বেশি সময় লাগছে। এতে যাত্রী ও গাড়ির চালকদের বিপাকে পড়তে হচ্ছে। গ্যাংওয়েতে ইঞ্জিন বন্ধ হলে গাড়ি ঠেলে নিরাপদে নিতে হচ্ছে।কালনা ফেরিঘাটের রক্ষণাবেক্ষণের দায়িত্বপ্রাপ্ত গোপালগঞ্জ সড়ক বিভাগের উপ-সহকারী প্রকৌশলী মো. আবু হানিফ বলেন, হঠাৎ নদীর পানি বৃদ্ধি পাওয়ায় গ্যাংওয়ের প্রায় ১৩০ ফুট এলাকায় আড়াই ফুট পানি উঠেছে। তিনি বলেন, পানির চাপে রাস্তার ইট ওয়াশ-আউট হয়ে যাচ্ছে। সেখানে নতুন করে ইট ফেলেও কোনো কাজ হচ্ছে না। তিনি জানান, ডুবে যাওয়া গ্যাংওয়ের দুই পাশে বালুর বস্তা ফেলে মাঝে ইট দিয়ে সংস্কার করা হবে। এভাবে সমস্যার সমাধান না হলে জোয়ারের সময় ফেরি চলাচল বন্ধ রাখা হতে পারে।

রাজধানীতে অজ্ঞান পার্টির তান্ডব

এক সপ্তাহে ১০জনের মৃত্যু

॥ঢাকা ব্যুরো থেকে॥

ঈদকে ঘিরে রাজধানীতে বেপরোয়া হয়ে উঠেছে অজ্ঞান পার্টির সদস্যরা। তাদের খপ্পরে পড়ে সর্বস্ব হারানোসহ কেউ কেউ ঢলে পড়ছে মৃত্যুর কোলে। এসব ক্ষতিগ্রস্ত ও নিহতের পরিবারের কাছে ঈদ এখন কান্না, স্বজন হারানোর কালো কষ্ট।

রাজধানীর বিভিন্ন হাসপাতালে এ সংক্রান্ত রোগীর সংখ্যা, মৃত্যুর সংখ্যা বাড়ছেই। গত এক সপ্তাহে প্রায় ১০জনের মৃত্যু হয়েছে। রেল-বাস স্টেশন, লঞ্চঘাটসহ বিভিন্ন পয়েন্টে কেউ না কেউ অজ্ঞান হয়ে পড়ে থাকছে প্রতিদিনই। তবে বিষয়টি প্রশাসনেরও নজরে এসেছে। ইতোমধ্যেই এ চক্রকে পাকড়াও করতে মাঠে নেমেছে গোয়েন্দারা।

ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল সূত্র জানিয়েছে, গত চারদিন ধরে এ সংক্রান্ত রোগী বাড়ছেই। প্রতিদিন গড়ে রাজধানীর বিভিন্ন হাসপাতালে অজ্ঞান পার্টির খপ্পরে পড়া অর্ধশতাধিক রোগী ভর্তি হচ্ছে। চিকিৎসকরা জানিয়েছেন, চক্রটি এক ধরনের রাসায়নিক কেমিক্যাল ব্যবহার করছে যা কোন দ্রব্যের সাথে মিশিয়ে খেলে অথবা গন্ধ স্প্রে কালে মানুষ অজ্ঞান হয়ে যায়। এর বিষক্রিয়ায় মৃত্যুর সম্ভাবনা অধিক। গোয়েন্দা সূত্রে জানা গেছে, ঈদকে টার্গেট করে রাজধানীতে অজ্ঞান পার্টির ১২টি গ্রুপে তিন শতাধিক সদস্য তৎপর। তাদের গ্রেফতার করতে গোয়েন্দা সদস্যরা মাঠে নেমেছে।

গত শুক্রবার কমলাপুর রেল স্টেশনে পড়েছিল নারায়ণ ঘোষ (৫৫) নামের এক ব্যক্তি। তিনি ভৈরব থেকে আসার সময় অজ্ঞান পার্টির খপ্পরে পড়েন। ঘটনার ৩৬ ঘন্টা পর গতকাল শনিবার তার জ্ঞান ফিরেছে। তিনি জানান, তার পাশের আসনের যাত্রী হঠাৎ তার দিকে রুমাল এগিয়ে দিল। তিনি মুখ মুছলেন। আর কিছু মনে পড়ছে না তার। একই দিন রাজিব (৩৫) নামের এক ব্যক্তি কমলাপুর রেল স্টেশনে রাতে অজ্ঞান হয়ে পড়েছিল। একদিন পর গতকাল তার জ্ঞান ফিরেছে। রাজিব বলেছে, তার পাশের আসনের যাত্রী ইফতারের সময় তাকে শরবত খেতে দেন। এরপর আর কিছুই জানে না রাজিব। গত শুক্রবার সায়েদাবাদ বাস টার্মিনালে অজ্ঞান হয়ে পড়েছিল আব্দুল মজিদ (৫২)। গতকাল শনিবার গাবতলী বাসস্ট্যান্ড থেকে পুলিশ অজ্ঞান পার্টির খপ্পরে পড়া অজ্ঞাত এক ব্যক্তিকে উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করেছে। বিমানবন্দর রেলস্টেশন থেকে গতকাল সকালে নাজিম নামের এক ব্যক্তিকে অজ্ঞান অবস্থায় উদ্ধার করে হাসপাতালে পাঠিয়েছে বিমানবন্দর থানা পুলিশ। গত বৃহস্পতিবার ঈদের কেনাকাটা সেরে স্বজনদের উদ্দেশ্যে রওয়ানা হয়েছিলেন নির্মাণ শ্রমিক নূর ইসলাম। কিন্তু অজ্ঞান পার্টির কবলে পড়ে সর্বস্ব হারিয়ে অজ্ঞান হয়ে সদরঘাট টার্মিনালের ৮নম্বর পন্টুনে পড়ে থাকেন তিনি। উপস্থিত লোকজন তাকে উদ্ধার করে মিটফোর্ড হাসপাতালে পাঠায়। গত শুক্রবার সকালে তার মৃত্যু হয়। ঈদে আর গ্রামের বাড়ি বরগুনার বেতাগীতে ফেরা হলো না তার। এরকম অগণিত নূর ইসলাম প্রতিনিয়ত সর্বস্ব হারাচ্ছে। হারাচ্ছে জীবন। হাসপাতালে নিহত নূর ইসলামের ভাই তাজুল ইসলামের আহাজারি, 'ও ভাই এমন হলো কেন?' তিনি সাংবাদিকদের বলেন, 'ঈদ আমার লাগবে না, যে ঈদ ভাইকে কেড়ে নেয় তা আমি চাই না।' গত ২৭ আগস্ট অজ্ঞান পার্টির খপ্পরে পড়ে নিহত নোয়াখালীর সাজ্জাদের বোন লাইলিও হাসপাতালে এমন আহাজারিই করেছিল।

রাজধানীতে দালালসহ ৯ রোহিঙ্গা গ্রেফতার

॥ঢাকা ব্যুরো থেকে॥

মহানগর গোয়েন্দা পুলিশের একটি দল রাজধানীর মতিঝিলে আবাসিক হোটেলে অভিযান চালিয়ে বাংলাদেশি দালালসহ ৯রোহিঙ্গাকে গ্রেফতার করেছে। সাতটি জাল পাসপোর্ট ও ইমিগ্রেশন কর্মকর্তার সিল তাদের কাছ থেকে উদ্ধার করা হয়। শুক্রবার গভীর রাতে তাদের গ্রেফতার করা হয়।

ডিবির এডিসি মোল্লা নজরুল ইসলাম জানান, অন্য দেশের লোক জনের পাসপোর্ট করার পেছনে দালালের পাশাপাশি পুলিশ ও পাসপোর্ট অফিসের কতিপয় লোক জড়িত রয়েছে। তাদেরকে চিহ্নিত করে আইনের আওতায় আনার চেষ্টা চলছে।
পুলিশ জানায়, গোপন সংবাদের ভিত্তিতে শুক্রবার গভীর রাতে শহীদবাগে একটি আবাসিক হোটেলের বিভিন্ন কক্ষে অভিযান চালিয়ে আদম ও নারী পাচারকারী চক্রের দালাল মোঃ সিরাজুল ইসলামসহ মায়ানমার নাগরিক হেলাল, মুজিবুর রহমান, নুরুল আলম, আসমা, নাসিমা, সালমা, সাজিদা ভূঁইয়া ও শিশু তাসলিমাকে গ্রেফতার করে গোয়েন্দা পুলিশ। এই সময় তাদের কাছ থেকে ৭টি বাংলাদেশি জাল পাসপোর্ট ও ইমিগ্রেশনের এক কর্মকর্তার ৫টি ভুয়া সিল উদ্ধার করা হয়।
গতকাল দুপুওে গ্রেফতারকৃতদের সাংবাদিকদের সামনে হাজির করা হয়। ডিবির এডিসি মোল্লা নজরুল ইসলাম আরো জানান, গ্রেফতারকৃতরা দীর্ঘদিন ধরে বাংলাদেশে অবস্থান করে আসছে। বাংলাদেশের একটি চক্র রোহিঙ্গাদের কাছ থেকে লাখ লাখ টাকা নিয়ে বাংলাদেশি পাসপোর্টে বিদেশে পাঠাচ্ছে। ওই চক্রটি ঢাকার বাইরের পাসপোর্ট অফিস থেকে জাল পাসপোর্ট তৈরি করছে। চক্রদের শনাক্ত করার চেষ্টা চলছে। তিনি আরও বলেন, নকল পাসপোর্টে বিদেশ যাওয়ার চেষ্টাকালে সবাইকে গ্রেফতার করা হয়। দালাল সিরাজুল একটি ট্রাভেল এজেন্সির সঙ্গে জড়িত রয়েছে। ওই এজেন্সির মালিক ও কর্মকর্তাদেও গ্রেফতার করা হবে। গ্রেফতারকৃতদের কক্সবাজার ও চট্টগ্রাম থেকে ঢাকায় নিয়ে আসা হয়। তাদেরকে মালয়েশিয়ায় নিয়ে যাওয়ার কথা ছিল। সিরাজুল তাদের কাছ থেকে মোটা অংকের টাকা নিয়েছে। তারা টেকনাফ ও মিয়ানমারের আঞ্চলিক ভাষায় কথা বলতে পারে। দালাল-সিরাজুল ইসলাম জানান, তিনি ঢাকার পল্টন টাওয়ারে একটি ট্রাভেল ও রিক্রুটিং এজেন্সির হয়ে আদম পাচারের কাজে জড়িত। রোহিঙ্গা নাসিমা জানান, তারা মালয়েশিয়ায় যাওয়ার জন্য ঢাকায় আসে।

ভ্রাম্যমাণ আদালতের উপর হামলা, গাড়ী ভাংচুর

॥ঢাকা ব্যুরো থেকে॥

রাজধানীতে বাণিজ্য মন্ত্রণালয় পরিচালিত ভ্রাম্যমাণ আদালতের উপর হামলা চালিয়েছে ব্যবসায়ীরা। ভ্রাম্যমান আদালতের সদস্যদের মার্কেটের ভেতরে আটকে রাখে এবং মারধোর করে ব্যবসায়ীরা। পরে পুলিশ ও র‌্যাব লাঠিচার্জ ও ফাঁকা গুলি ছুঁড়ে সচিব ও ম্যাজিস্ট্রেটকে নিরাপদে সরিয়ে নেয়। গতকাল রাজধানীর কারওয়ান বাজারে এ ঘটনা ঘটে। বিক্ষুদ্ধ ব্যবসায়ীরা ভ্রাম্যমান আদালতের গাড়ি ভাংচুর করে। এ ঘটনার পর ব্যবসায়ীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। সরকার নির্ধারিত দামের চেয়ে বেশি দামে চিনি বিক্রি করার অভিযোগে কারওয়ান বাজারের চিকেন মার্কেটের দুটি দোকান থেকে জরিমানা আদায় করলে ব্যবসায়ীরা উত্তেজিত হয়ে এ কাণ্ড ঘটায় বলে জানা গেছে।
জেলা প্রশাসক কার্যালয়ের নির্বাহী ম্যাজিস্ট্রেটের অফিস সহকারী কামরুল ইসলাম সাংবাদিকদের জানান, শনিবার বিকেল ৩টার দিকে জেলা প্রশাসক কার্যালয়ের নির্বাহী ম্যাজিষ্ট্রেট ডা. রহিমা খাতুনের নেতৃত্বে একটি ভ্রাম্যমাণ আদালত কারওয়ান বাজারের চিকেন মার্কেটে অভিযান পরিচালনা করেন। এ সময় বাণিজ্য মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব ডক্টর আতাউর রহমান ও উপ-সচিব রেজোয়ান আহমেদ উপস্থিত ছিলেন। সরকার নির্ধারিত দামের চেয়ে বেশি দামে চিনি বিক্রি করায় কিচেন মার্কেটের মেসার্স সিদ্দিক ট্রেডার্সকে ১লাখ টাকা ও সিরাজ জেনারেল ষ্টোরকে ২হাজার টাকা জরিমানা করে। জরিমানা আদায় করায় ব্যবসায়ীরা একত্রিত হয়ে ভ্রাম্যমাণ আদালতের কর্মকর্তাদের সঙ্গে তর্কবিতর্কে জড়িয়ে পড়ে। এক পর্যায়ে ব্যবসায়ীরা মার্কেটের মূল ফটক বন্ধ করে দেয়। তিনি আরও বলেন, সচিব ও ম্যাজিস্ট্রেটসহ সব কর্মকর্তাকে আটকে রেখে বিক্ষোভ করতে থাকে ব্যবসায়ীরা। খবর পেয়ে পুলিশ ও র‌্যাব ঘটনাস্থলে ছুটে যায়। ব্যবসায়ীদের সঙ্গে কথা বলে জানা যায়, পুলিশ ও র‌্যাব একত্রিত হয়ে ব্যবসায়ীদের উপর লাঠিচার্জ

করে। পরে সচিব ও ম্যাজিস্ট্রেটসহ অনান্য কর্মকর্তাকে বাইরে বের করে আনে। পুলিশ বেষ্টনিতে তারা বের হয়ে আসার সময় কারওয়ান বাজারের ব্যবসায়ী ও শ্রমিকরা সংঘবদ্ধ হয়ে ধাওয়া করে। তারা ভ্রাম্যমাণ আদালতের একটি গাড়ি ভাঙচুর করে। ওই সময় পুরো এলাকায় ছড়িয়ে পড়ে আতঙ্ক। এক পর্যায়ে নির্বাহী ম্যাজিস্ট্রেট ডা. রহিমা খাতুন ও যুগ্ম-সচিব আতাউর রহমান পল্লী ভবন এবং উপ-সচিব রেজোয়ান আহমেদ একুশে টিভি ভবনে আশ্রয় নেন। সেখানেও ব্যবসায়ী ও শ্রমিকরা হামলা চালালে পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যায়। পরে আইন শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে কয়েক রাউন্ড ফাঁকা গুলি ছোঁড়ে পুলিশ। এতে সংঘবদ্ধ ব্যবসায়ী ও শ্রমিকরা ছত্রভঙ্গ হয়ে যায়।
ম্যাজিস্ট্রেট ডা. রহিমা খাতুন বলেন, নির্ধারিত দামের চেয়ে বেশি দামে চিনি বিক্রি করায় মেসার্স সিদ্দিক ট্রেডার্সের বিরুদ্ধে ভোক্তা অধিকার আইন ২০০৯ এর ৪০ ধারা মোতাবেক মামলা করা হয়েছে। সরকারি কাজে বাধা দেয়ায় তার বিরুদ্ধে ফৌজদারী আইনে মামলা করা হবে। পুলিশ ও র‌্যাব ঘটনাস্থলে না গেলে ব্যবসায়ীরা আমাদেও মেরেই ফেলতো। কাউকে হয়রানি করার জন্য সেখানে কোন ধরনের অভিযান চালানো হয়নি। সিদ্দিক আহমেদ নামে এক দোকানদার সাংবাদিকদের কাছে অভিযোগ করেন, ভ্রাম্যমাণ আদালত বাজার তদারকির নামে চাঁদাবাজিতে লিপ্ত হয়েছে। পাইকারিভাবে ৪৭ টাকা দরে চিনি বিক্রি করেও তাকে ১ লাখ টাকা জরিমানা করা হয়েছে। অথচ তার পাশের দোকানকে জরিমানা করা হয়েছে মাত্র দুই হাজার টাকা। তিনি আরও বলেন, গত সপ্তাহেও এ কোর্ট তাকে ৫০ হাজার টাকা জরিমানা করেছে। চাঁদা না দেয়ায় তাকে ধারাবাহিকভাবে হয়রানি করা হচ্ছে। তবে তার কাছে কে চাঁদা চেয়েছে তা জানাতে অস্বীকৃতি জানান তিনি।

রাজধানীতে ব্রিফকেস জাহাঙ্গীর সন্ত্রাসীর হাতে খুন

॥ঢাকা ব্যুরো থেকে॥

রাজধানীর বাড্ডার বসুন্ধরা আবাসিক এলাকার একটি বাড়িতে অজ্ঞাত সন্ত্রাসীদের হাতে খুন হয়েছে প্রতারক চক্রের হোতা বলে পরিচিত জাহাঙ্গীর আলম ওরফে 'ব্রিফকেস জাহাঙ্গীর' (৩০)। মুখে টেপ লাগিয়ে শ্বাসরোধ করে তাকে হত্যা করা হয় বলে পুলিশ জানায়।
বাড্ডা থানার ডিউটি অফিসার সাব ইন্সপেক্টর বাবুল জানান, জাহাঙ্গীর বসুন্ধরা আবাসিক এলাকার ১৭নম্বর রোডের বি ব্লকের ৫৬১ নম্বর বাড়িতে বাস করতো। সকাল ১০টায় ওই বাড়ি থেকে তার মৃতদেহ উদ্ধার করা হয়। ধারণা করা হচ্ছে, প্রতারণা ঘটনার জের ধরে তাকে হত্যা করা হয়েছে। জাহাঙ্গীরের বিরুদ্ধে ডিএমপির বিভিন্ন থানায় এক ডজনেরও বেশি প্রতারণা মামলা রয়েছে। রিয়েল এস্টেট ব্যবসার নামে সে বিভিন্ন লোকের কাছ থেকে লাখ লাখ টাকা হাতিয়ে নিয়েছে। কয়েকদিন আগে ডিবি পুলিশ তাকে গ্রেফতার করে। রাত ৮টায় এই রিপোর্ট লেখা পর্যন্ত থানায় কোন মামলা হয়নি।

চিংড়ি শ্রমিকদের জন্য নতুন বেতন কাঠামো প্রণয়নের দাবি

॥ ঢাকা ব্যুরো থেকে ॥

নাগরিক সংহতি আয়োজিত আলোচনা সভায় বক্তারা চিংড়ি শ্রমিকদের জন্য নতুন বেতন কাঠামো প্রণয়নের দাবি জানিয়েছেন। তারা বলেছেন, চিংড়ি শিল্পের শ্রমিকরা তাদের হাড়-ভাঙ্গা পরিশ্রম দিয়ে আমাদের রপ্তানীবানিজ্য সমৃদ্ধ করছেন। তাই তাদের ন্যায্য মজুরী ও গণতান্ত্রিক অধিকারের নিশ্চয়তা প্রদান জরুরী।
শনিবার সকালে নাগরিক সংহতির কার্যালয়ে 'চিংড়ি শ্রমিকের জীবিকার সংকট ও সাম্প্রতিক প্রবণতা' শীর্ষক এই আলোচনা সভায় সভাপতিত্ব করেন নাগরিক সংহতির সভাপতি ড. এ এস এম আতীকুর রহমান। সভায় লিখিত বক্তব্য উপস্থাপন করেন নাগরিক সংহতির সাধারণ সম্পাদক শরিফুজ্জামান

শরিফ। আলোচনায় অংশ নেন প্রকৌশলী সরদার আমিন, বাপার যুগ্ম সম্পাদক মিহির বিশ্বাস, সাবেক যুগ্ম সচিব বদরুল মান্নান, উন্নয়ন কর্মী নাহিদ জাহান, ইফমা হোসেন, ব্যারিষ্টার গোলাম ফারুক, ভাস্কর রাসা, আমিনুর রসুল, শ্রমিক নেতা মহসিনূল কবির, গবেষক জীবনানন্দ জয়ন্ত প্রমুখ।

সভায় বক্তারা বলেন, শ্রমিকদের দাবির প্রেক্ষিতে সরকার চিংড়ি শ্রমিকদের নুন্যতম মজুরী ঘোষণা করেছিলো। কিন্তু কারখানার মালিকরা তা বাস্তবায়ন করেনি। বরং রপ্তানী আয় ও সরকারি প্রণোদনার মাধ্যমে মালিকরা লাভবান হয়েছেন। তারা বলেন, বর্তমান দ্রব্যমূল্যের ক্রমবৃদ্ধির সময়ও একজন শ্রমিকের সর্বনিম্ন মজুরী ২ হাজার ৬৪৫টাকা। অথচ আমাদের তৈরী পোশাক শিল্পের নূন্যতম মজুরী নিয়ে অনেক আলোচনা হলেও চিংড়ি শ্রমিকদের মজুরী বৈষম্যেও খবর গণমাধ্যমে তেমন আসে না। একই সাথে অন্যান্য সেক্টরের শ্রমিকদের নিয়ে যত আলোচনা হয় চিংড়ি শ্রমিকদের নিয়ে তা হয় না। আর সরকারের কারখানা পরিদর্শন বিভাগের দায়িত্ব পালনে শৈথিল্যের কারণে মালিক পক্ষ শ্রমিকদেরকে নানাভাবে ঠকানোর সুযোগ পায়। বক্তারা আরও বলেন, চিংড়ি খাতের উন্নয়নের জন্য শ্রমিকদের মজুরি বাড়াতে হবে। এবিষয়ে নতুন বেতন কাঠামো ঘোষণার পাশাপাশি তার বাস্তবায়ন নিশ্চিত করতে হবে। বক্তারা চিংড়ি শ্রমিকদের ট্রেড ইউনিয়নের আধিকার ও শ্রম আইন ২০০৬ অনুসারে শ্রমিককে প্রদত্ত অধিকার নিশ্চিত করার দাবি জানান।

আইসিটি অধিদপ্তরের কাঠামো চূড়ান্ত

॥ ঢাকা ব্যুরো থেকে ॥

দেশের প্রত্যন্ত অঞ্চলে অত্যাধুনিক তথ্য প্রযুক্তি সেবা ছড়িয়ে দিতে বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের অধীনে নতুন একটি অধিদপ্তর গঠনের উদ্যোগ নিয়েছে সরকার। ইতোমধ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) অধিদপ্তর নামের এই প্রতিষ্ঠানের কাঠামো চূড়ান্ত করা হয়েছে। মন্ত্রিপরিষদে অনুমোদিত হলে চলতি বছরেই এই অধিদপ্তরটি কাজ শুরু করবে বলে জানাগেছে।

সংশ্লিষ্ট সূত্র মতে, মহাজোট সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার স্বপ্ন বাস্তবায়নে গত এপ্রিল মাসে সংসদীয় কমিটির বৈঠকে জনগণের মাঝে শিক্ষা ও কম্পিউটার ব্যবহারের সচেতনতা সৃষ্টি ও প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান এবং জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তাদের মাধ্যমে গ্রামাঞ্চলে কমিউটারের তথ্যাদি ও তার ব্যবহার সম্পর্কে সমন্বয় সাধন, পর্যাপ্ত অর্থের বরাদ্দ প্রদান ও বরাদ্দকৃত অর্থের সদ্ব্যবহার নিশ্চিত করা, প্রতিটি উপজেলায় সাইবার ক্যাফে, কল সেন্টার ইত্যাদি স্থাপন করা, সকল উন্মুক্ত দরপত্র অনলাইনে প্রকাশের ব্যবস্থা নেয়া, কম্পিউটার সফটওয়্যারের মাধ্যমে বিভিন্ন লাইসেন্স ফি গ্রহণ ও নবায়ন, ই-কমার্স প্রচলন করা, পোস্ট ই-সেন্টার স্থাপন, ই-মানি অর্ডার ও মোবাইল মানি অর্ডার চালু, আইপি টেলিফোনি এবং ভিডিও কনফারেন্সির ব্যবস্থা প্রর্বতনের সুপারিশ করা হয়। আর এই সুপারিশ বাস্তবায়নের অংশ হিসেবে আইসিটি অধিদপ্তর চালু ও তার কার্যক্রম উপজেলা পর্যায় পর্যন্ত বিস্তৃত করার সিদ্ধান্ত নেয়া হয়েছে।

সংশ্লিষ্ট সূত্রগুলো জানিয়েছে, দেশের উপজেলা এমনকি প্রত্যন্ত গ্রাম পর্যন্ত তথ্য প্রযুক্তির সরকারি কাঠামো গড়ে উঠেছে। স্কুল কলেজে কম্পিউটার ল্যাব তৈরী করে দেয়া এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান, ক্লাব, সামাজিক প্রতিষ্ঠানে সরকার কম্পিটারসহ তথ্য প্রযুক্তির সেবা দিচ্ছে। কিন্তু এগুলো তত্ত্বাবধায়নের কোন ব্যবস্থাই নেই। আইসিটি অধিদপ্তর হলে তার মাধ্যমে এগুলোর তত্ত্বাবধায়ন যেমন সহজ হবে তেমনি বিভিন্ন প্রশিক্ষণ কার্যক্রমসহ প্রত্যন্ত অঞ্চলের জনগণের কাছে তথ্য প্রযুক্তি সেবা নিয়ে যাওয়াটা সহজ হবে। তাই আইসিটি অধিদপ্তর প্রতিষ্ঠার এই প্রস্তাবনা দ্রুতই মন্ত্রিপরিষদের বৈঠকে উত্থাপন করা হবে।

এমডিজি বাস্তবায়নে চলছে ধীর গতি

॥ ঢাকা ব্যুরো থেকে ॥

ধনী ও দরিদ্রের চরম বৈষম্য কমাতে জাতিসংঘের মিলিনিয়াম ডেভেলপমেন্ট গোল (এমডিজি)-এ স্বাক্ষর করলেও তা বাস্তবায়নে ধীর গতি চলছে। ফলে ২০১৫ সালের মধ্যে এমডিজি বা সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন কঠিন হয়ে পড়বে বলে আশংকা করা হচ্ছে। এই অবস্থায় এমডিজি বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনায় আজ রোববার জাতীয় সংসদে বৈঠক বসছে।

সংশ্লিষ্ট সূত্র মতে, ২০০০ সালের ডিসেম্বর মাসে জাতিসংঘ সাধারণ পরিষদের সভায় এমডিজি নির্ধারণ করে। অনুন্নত উন্নয়নশীল দেশের তালিকায় স্থান পাওয়া বাংলাদেশ এমডিজিতে স্বাক্ষরের মাধ্যামে ২০১৫ সালের মধ্যে দেশের ক্ষুধার্ত ও দরিদ্র মানুষের সংখ্যা অর্ধেকে নামিয়ে আনার অঙ্গীকার করে। কিন্তু এপর্যন্ত ক্ষুধার্ত ও দরিদ্র মানুষের সংখ্যা ৫৬ দশমিক ৬ শতাংশ থেকে ৪০ শতাংশে নামিয়ে আনা সম্ভব হয়েছে। বিগত দিনে সরকারের অদূরদর্শিতা ও কার্যকর উদ্যোগের অভাবে নির্ধারিত সময়ের মধ্যে এমডিজি অর্জন চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে। এরপরও এই এমডিজি অর্জন নিয়ে সরকারী বেসরকারী পর্যায়ে বিভিন্ন ধরণের কার্যক্রম চলছে।

এমডিজি বাস্তবায়নে স্থানীয় উন্নয়ন পরিকল্পনা নিয়ে কাজ করছে স্বেচ্ছাসেবী উন্নয়ন সংস্থা ইনস্টিটিউট ফর এনভায়রণমেন্ট এন্ড ডেভেলপমেন্ট (আইইডি)। জাতিসংঘ মিলেনিয়াম ক্যাম্পেইন-এর সহায়তায় আইইডি জাতীয় সংসদ সদস্যদের নিয়ে জেলা ও উপজেলা পর্যায়ে ক্যাম্পেইন পরিচালনা করছে। আর এই কর্মসূচীতে নেতৃত্ব দিচ্ছেন ডেপুটি স্পিকার কর্ণেল (অব.) শওকত আলী। ধারাবাহিক কর্মসূচীর অংশ হিসেবে আজ রোববার বেলা ১১টায় পার্লামেন্ট মেম্বারস ক্লাবে মতবিনিয় সভা অনুষ্ঠিত হবে। এই সভায় এমডিজি বাস্তবায়নের অগ্রগতি ও আগামী দিনে কর্মসূচী নিয়ে আলোচনা হবে বলে জানাগেছে।

এবিষয়ে আইইডি'র নির্বাহী পরিচালক নুমান আহম্মদ খান বলেছেন, বিগত সময়ে ধীরগতি থাকলেও বর্তমান সরকার ক্ষমতায় আসার পর তাদের নির্বাচনী প্রতিশ্রুতি অনুযায়ী এমডিজি বাস্তবায়নে নতুন করে কাজ শুরু হয়েছে। এই কাজে স্থানীয় সরকার প্রতিনিধি, সিভিল সোসাইটি, বিভিন্ন পেশাজীবী সংগঠন এবং সংসদ সদস্যদের সম্পৃক্ততা নিশ্চিত করার উদ্যোগ নেয়া হয়েছে। ফলে আগামীতে সকলের প্রচেষ্টায় এমডিজি বাস্তবায়ন সহজ হবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেছেন।

উল্লেখ্য, এমডিজি'র ৮টি লক্ষ্যের মধ্যে রয়েছে, চরম দারিদ্র্য ও ক্ষুধা নির্মূল, সার্বজনীন প্রাথমিক শিক্ষা অর্জন, নারী-পুরুষের সমতা ও নারীর ক্ষমতায়ন, শিশু মৃত্যুর হার হ্রাস, মাতৃস্বাস্থ্যের উন্নয়ন, এইচআইভি/এইডস, ম্যালেরিয়া ও অন্যান্য রোগের বিস্তার রোধ, টেকসই পরিবেশ ও উন্নয়নের জন্য বিশ্বব্যাপী সহযোগিতা। আর ১৮টি লক্ষ্যমাত্রার মধ্যে ২০১৫ সালের মধ্যে দৈনিক ১ ডলারের কম রোজগারের মানুষের সংখ্যা অর্ধেকে নামিয়ে আনা, পূর্ণ ও উৎপাদনশীল কর্মসংস্থান অর্জন এবং নারী ও যুবসহ সবার জন্য মানসম্মত কাজ ও দীর্ঘ মেয়াদে ঋণসুবিধা অব্যাহত রাখার প্রয়োজনে উন্নয়নশীল দেশসমূহের ঋণ সমস্যার সমাধানে সর্বাত্মক প্রচেষ্টা ইত্যাদি।

তারেককে মুক্তাবস্থায় ফিরিয়ে আনার অঙ্গীকার বিএনপির

ঢাকা, সেপ্টেম্বর ০৪।- উচ্চতর আদালতের জামিনে লন্ডনে চিকিৎসাধীন তারেক রহমানকে সম্পূর্ণ মুক্তাবস্থায় দেশে ফিরিয়ে আনার অঙ্গীকার ব্যক্ত করেছে বিএনপি।

বিডিনিউজ জানায়: শনিবার এক আলোচনা সভায় দলের সিনিয়র যুগ্ম মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর দলের অঙ্গীকার ব্যক্ত করেন। তিনি বলেন, তারেক রহমান আজ আমাদের কাছে কোনো ব্যক্তি নন, রাজনৈতিক প্রতীক। তাকে সম্পূর্ণ মুক্তাবস্থায় দেশে ফিরিয়ে আনার শপথ আমাদের নিতে হবে।

বর্তমান সরকারের গণতন্ত্র বিরোধী কার্যকলাপের বিরুদ্ধে সারাদেশে জনমত গড়ে তুলতে সবাইকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান মির্জা ফখরুল। বিএনপির সিনিয়র ভাইস চেয়ারম্যান তারেক রহমানের

কারামুক্তি দিবস উপলক্ষে রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইন্সটিটিউশন মিলনায়তনে এই আলোচনা সভার আয়োজন করে বিএনপি। ২০০৮ সালের ৩ সেপ্টেম্বর তারেক রহমান উচ্চ আদালতের আদেশে জামিনে মুক্তি পান। দিবসটি পালনে বিএনপি দুই দিনের কর্মসূচি নেয়। ওই কর্মসূচি অনুযায়ী শুক্রবার দলের প্রতিষ্ঠাতা জিয়াউর রহমানের কবরে পুষ্পমাল্য অর্পণ করা হয়। তারেক রহমান বর্তমানে লন্ডনে চিকিৎসাধীন রয়েছেন।

২০০৭ সালে ১/১১ এর জরুরী অবস্থা জারির পর তারেক রহমানকে মার্চ মাসে যৌথ বাহিনী গ্রেপ্তার করে। তার বিরুদ্ধে চাঁদাবাজি, কর ফাঁকি, অবৈধ সম্পদ অর্জনের মামলাসহ মোট ১২টি মামলা এখন বিচারাধীন। তবে সবগুলো মামলাতেই তিনি উচ্চ আদালত থেকে জামিন পান।

মির্জা ফখরুল সরকারের স্বৈরতান্ত্রিক মনোভাবের কঠোর সমালোচনা করে বলেন, "তারা (আওয়ামী লীগ) গোটা দেশকে কারাগারে পরিণত করেছে। হাজার হাজার নেতা-কর্মীকে জেলে অন্তরীণ করে রেখেছে। মিথ্যা মামলা দিয়ে বিরোধী নেতা-কর্মীদের হয়রানি করা হচ্ছে। সরকার ১৯৭২-৭৫ এর মতো একই কায়দায় দেশ পরিচালনা করছে। এর বিরুদ্ধে সবাইকে সোচ্চার হতে হবে।"

দেশের বর্তমান অবস্থাকে 'দুঃসময়' অভিহিত করে তিনি বলেন, "এই সরকার জনগণের উন্নয়ন ও কল্যাণে কোনো কাজ করছে না। তারা দেশের স্বার্থ বিকিয়ে দিতে একের পর এক চুক্তি করছে। এই দেশকে কিভাবে অকার্যকর ও দুর্বল রাষ্ট্রে পরিণত করা যায় সেটাই এখন তাদের মূল দায়িত্ব।"

বিএনপির স্থায়ী কমিটির সদস্য নজরুল ইসলাম খান বলেন, "তারেক রহমানের অগ্রযাত্রা গোড়াতেই বাধাগ্রস্ত করতে ষড়যন্ত্র করা হয়েছে, অপপ্রচার চালানো হয়েছে। এই ষড়যন্ত্রের অংশ হিসেবে তাকে কারাগারে নিয়ে নির্যাতন করা হয়েছে। কিন্তু এইভাবে জাতীয়তাবাদী শক্তিকে স্তব্ধ করা যাবে না।"

স্থায়ী কমিটির অপর সদস্য রফিকুল ইসলাম মিয়া বলেন, "তারেকের বিরুদ্ধে যেসব মামলা দায়ের করা হয়েছিলো- সাড়ে তিন বছরে তার একটিরও অভিযোগপত্র দিতে পারেনি। সবগুলো অভিযোগই মিথ্যা ও বানোয়াট।"দলের সহসভাপতি সেলিমা রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত আলোচনা সভায় অন্যান্যের মধ্যে দলের উপদেষ্টা কাউন্সিলের সদস্য এ জেড এম জাহিদ হোসেন, বিরোধী দলীয় প্রধান হুইপ জয়নুল আবদিন ফারুক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক মুস্তাহিদুর রহমান, শাহ জালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য অধ্যাপক আমিনুল ইসলাম বক্তব্য রাখেন।

অর্পিত সম্পত্তি প্রত্যার্পণ আইন সংশোধনী বিল উত্থাপনের দাবি

ঢাকা, সেপ্টেম্বর ০৪ ।- সুপ্রিম কোর্টের সিদ্ধান্তের আলোকে অর্পিত সম্পত্তি প্রত্যার্পণ আইন সংশোধন করে সংসদে বিল আকারে উত্থাপনের দাবিতে দুই দিনের কর্মসূচি ঘোষণা করেছে বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রীষ্টান ঐক্য পরিষদ।

বিডিনিউজ জানায়: শনিবার সকালে জাতীয় প্রেসক্লাবে এক সংবাদ সম্মেলনে সংগঠনের পক্ষ থেকে সাধারণ সম্পাদক অ্যাডভোকেট রানা দাশগুপ্ত এই কর্মসূচি ঘোষণা করেন। কর্মসূচির মধ্যে আছে- আগামী ১৮ সেপ্টেম্বর সারাদেশে জেলা প্রশাসক বরাবর স্মারকলিপি পেশ ও ১৯ সেপ্টেম্বর বিকাল ৫টা থেকে এক ঘন্টা সারাদেশে মানববন্ধন। অর্পিত সম্পত্তি প্রত্যার্পণ আইন নিয়ে ১৮ সেপ্টেম্বর ঢাকাসহ সারাদেশে আলোচনা সভাও করবে তারা।

জাতীয় সংসদের ৬ষ্ঠ অধিবেশনে অর্পিত সম্পত্তি প্রত্যার্পণ আইন সংশোধন সংক্রান্ত বিল উত্থাপনের দাবি জানিয়েছে সংগঠনটি। আগামী ২০ সেপ্টেম্বর এই অধিবেশন শুরু হবে।

গত ২৮ অগাস্ট জন্মাষ্টমী উপলক্ষে গণভবনে এক শুভেচ্ছা বৈঠকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা অর্পিত সম্পত্তি সংক্রান্ত অভিন্ন প্রস্তাবনা তুলে ধরার জন্য হিন্দু সম্প্রদায়ের প্রতি আহবান জানান।

বাংলাদেশ হিন্দু বৌদ্ধ খ্রীষ্টান ঐক্য পরিষদ পুলিশের মহাপরিদর্শক নিয়োগের ক্ষেত্রে জ্যেষ্ঠ দুই অতিরিক্ত মহাপরিদর্শককে পদোন্নতি থেকে বঞ্চিত করায় হতাশা ব্যক্ত করেছে। সংগঠনের নেতারা বলেন, "বঞ্চিত দুই পুলিশ কর্মকর্তার যথাযথ সম্মান ও মর্যাদা রক্ষায় সরকার এগিয়ে আসবেন। অন্যথায় সরকারি দায়িত্বে নিয়োজিত ধর্মীয় সংখ্যালঘু সম্প্রদায়ভুক্ত কর্মকর্তা-কর্মচারিদের মধ্যে নতুন করে হতাশা সৃষ্টির সম্ভাবনা রয়েছে। আমরা এ ব্যাপারে প্রধানমন্ত্রীর আশু হস্তক্ষেপ কামনা করছি।"
সংবাদ সম্মেলনে অন্যদের মধ্যে সংগঠনের সভাপতিমন্ডলীর সদস্য অনিল চন্দ্র নাথ, উপদেষ্টা ইউ কে জেং, রোজালিন ডি কস্টা, মহানগর সার্বজনীন পূজা কমিটির সাধারণ সম্পাদক কাজল দেবনাথ, সি বি দাশ, রাখাল চন্দ্র দাশ, জয়ন্ত সেন দীপু উপস্থিত ছিলেন।

যুদ্ধাপরাধীদের পরিণতি মানুষ দেখবে:কৃষিমন্ত্রী

শেরপুর, সেপ্টেম্বর ০৪।- কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী বলেছেন, যুদ্ধাপরাধীদের কী পরিণতি হয় এদেশের মানুষ তা দেখবে। তিনি বলেন, অনেকেই ভেবেছিল একাত্তর সালে যা খুশি করেছি মানুষ সব ভুলে গেছে। কিন্তু কেউ ভুলে যায় না। অনেক জায়গায় ৬০ বছর পরও যুদ্ধাপরাধীদের বিচার হচ্ছে। আমাদের ৪০ বছর হয়েছে। আমরা বিচার শুরু করেছি। ন্যায়বিচার হবে।
বিডিনিউজ জানায়: শনিবার দুপুরে নালিতাবাড়ী উপজেলার কলসপাড় ইউনিয়নের পাঁচগাও বাজারে ঈদ উপলক্ষে এলাকার অসহায়, দুস্থ ও গরীব মানুষের মধ্যে ভিজিএফ-এর চাল, প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলের শাড়ি, থ্রি পিস ও খেঁজুর বিতরণ অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন।
মন্ত্রী বলেন, শেখ হাসিনার সরকার গরীব মানুষের সরকার, কৃষকের আর সাধারণ খেটে খাওয়া মানুষের সরকার। শেখ হাসিনার সরকার থাকলে সার নিয়ে ভেজাল হয় না। কিন্তু না থাকলে সার নিয়ে অবরোধ হয়, মানুষও মারা যায়। তিনি বলেন, আমরা শুধু বিচার করবো না, দেশের উন্নয়নও করবো।
পরে কৃষিমন্ত্রী কলসপাড় ইউনিয়নের ৬৬৪ জন অসহায়, দুস্থ ও গরীব নারী-পুরুষের মধ্যে ১০ কেজি করে ভিজিএফ-এর চাল, প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলের খেঁজুর ও থ্রি পিস এবং নিজস্ব তহবিল থেকে ২৮৮ জনের মধ্যে শাড়ি বিতরণ করেন। শেরপুরের জেলা প্রশাসক মো. নাসিরুজ্জামান, ভারপ্রাপ্ত পুলিশ সুপারিনটেন্ডেট (এসপি) মো. আনিসুর রহমান, নালিতাবাড়ী উপজেলা পরিষদের চেয়ারম্যান বদিউজ্জামান বাদশা ও স্থানীয় আওয়ামী লীগ নেতারা এ সময় উপস্থিত ছিলেন।

অপরাধী হলে শাওনের চেয়ে ক্ষমতাধর এমপিরও বিচার হবে : স্বরাষ্ট্রমন্ত্রী

ঢাকা, সেপ্টেম্বর ০৪।- স্বরাষ্ট্রমন্ত্রী সাহারা খাতুন বলেছেন, ইব্রাহিম হত্যাকান্ডের তদন্ত চলছে এবং দোষীদের বিচারের ব্যবস্থা করা হবে। অপরাধী হলে সাংসদ নুরুন্নবী চৌধুরী শাওনের চেয়েও ক্ষমতাধর এমপির বিচার করা হবে।
বিডিনিউজ জানায়: শনিবার বেলা পৌনে ৩ টার দিকে রাজধানীর উত্তরায় রাজলক্ষী শপিং কমপ্লেক্স, নর্থ টাওয়ারসহ বিভিন্ন বিপনিবিতান পরিদর্শন শেষে তিনি সাংবাদিকদের এ কথা বলেন।
ইব্রাহিম হত্যার ঘটনায় সাংসদ শাওনকে গ্রেপ্তার করা হবে কিনা, সাংবাদিকদের এ প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, এমপি শাওন কেন, শাওনের চেয়ে বড় ক্ষমতাধর এমপি'র যদি কোন অপরাধে জড়ানোর প্রমাণ পাওয়া যায় তাহলে তাকেও গ্রেপ্তার করে বিচারের সম্মুখীন করা হবে।
ইব্রাহিম হত্যার ঘটনায় তার স্ত্রীর অভিযোগের ব্যাপারে মন্ত্রী বলেন, ইব্রাহিমের স্ত্রী আমার সাথে দেখা করেছে, সে যেন সঠিক বিচার পায় সে ব্যাপারে তাকে আশ্বস্ত করা হয়েছে। ঈদবাজারে চাঁদাবাজি নেই বলে দাবি করে মন্ত্রী বলেন, বিভিন্ন মার্কেট ঘুরে কোন অভিযোগ পাওয়া যায়নি। সরকারী দলের নেতাদের সাথে নিয়ে ঈদবাজারে ঘুরলে কেউ অভিযোগ দিতে সাহস পায় না, তাই কেউ অভিযোগ করছে না,

সাংবাদিকদের এ বক্তব্যের জবাবে মন্ত্রী বলেন, "কেউ যদি চাঁদাবাজির শিকার হতো তাহলে অবশ্যই অভিযোগ করতো। আর চাঁদাবাজ সন্ত্রাসী যে দলেরই হোক তাকে গ্রেপ্তার করে বিচারের সম্মুখীন করা হবে।" পুলিশের মহাপরিদর্শক, ঢাকা মহানগর পুলিশ কমিশনার এবং আওয়ামী লীগের স্থানীয় নেতারা এ সময় মন্ত্রীর সঙ্গে ছিলেন।

সংবিধানেই স্বায়ত্তশাসনের স্বীকৃতি চায় ইউপিডিএফ

ঢাকা, সেপ্টেম্বর ০৪।- সরকারের সংবিধান সংশোধনের উদ্যোগে পার্বত্য চট্টগ্রামকে স্বায়ত্তশাসিত অঞ্চল হিসেবে যুক্ত করার দাবি জানিয়েছে শান্তিচুক্তিবিরোধী পাহাড়ি সংগঠন ইউপিডিএফ।

বিডিনিউজ জানায়: সংবিধান সংশোধনে গঠিত বিশেষ সংসদীয় কমিটির কো-চেয়ারম্যান সুরঞ্জিত সেনগুপ্তের সঙ্গে শনিবার দেখা করে ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) এ দাবি জানায়। তবে সুরঞ্জিত স্বায়ত্তশাসন দেয়ার বিষয়টি নাকচ করেছেন। একইসঙ্গে আদিবাসী ও পাহাড়ি সংগঠনগুলোকে একসঙ্গে বসে একটি সমন্বিত দাবিনামা ঠিক করার পরামর্শও দিয়েছেন তিনি।

ইউপিডিএফ সদস্য উজ্জ্বল স্মৃতি চাকমা ও শান্তি দেব চাকমা তাদের সংগঠনের সভাপতি প্রসিত বিকাশ খিসা স্বাক্ষরিত একটি চিঠি সুরঞ্জিতের কাছে হস্তান্তর করেন। তাদের সঙ্গেই সুরঞ্জিতের সঙ্গে বৈঠকে বসেন আদিবাসী অধিকার ফোরাম ও খাগড়াছড়ি জেলা কারবারি অ্যাসোসিয়েশন নামে আরো দুটি সংগঠন।সংসদ ভবনে ওই বৈঠকের পর উজ্জ্বল স্মৃতি চাকমা বলেন, আগে থেকে জানিয়ে আসা স্বায়ত্তশাসনের দাবিটি পুনর্ব্যক্ত করেছি আমরা।সংগঠনের খাগড়াছড়ি জেলা সমন্বয়ক শান্তিদেব বলেন, "সংসদীয় কমিটি সংবিধান পর্যালোচনা করছে। এর ফলে আমাদের সাংবিধানিক স্বীকৃতি পাওয়ার একটি সুযোগ তৈরি হয়েছে, তাই আমরা এখানে এসেছি।"সুরঞ্জিত সাংবাদিকদের বলেন, আমি তাদের বলেছি, বাংলাদেশের সংবিধানের অধীনে স্বায়ত্তশাসন দেয়া সম্ভব নয়। তবে উপজাতিদের অধিকার, সংস্কৃতি ও ঐতিহ্য সংরক্ষণ নিয়ে জনমত রয়েছে।তবে ইউপিডিএফ তাদের দাবি জানাতেই পারে- এই মন্তব্য করে সুরঞ্জিত জানান, সরকার সংবিধানের আলোকে সে সব দাবি খতিয়ে দেখবে। প্রয়োজনে কমিটির সভায় তাদের আমন্ত্রণ জানানো হবে। আদিবাসী অধিকার ফোরাম ও খাগড়াছড়ি জেলা কারবারি অ্যাসোসিয়েশন তাদের দাবিনামায় পার্বত্য চট্টগ্রামকে স্বায়ত্তশাসিত অথবা বিশেষভাবে শাসিত অঞ্চল হিসেবে ঘোষণা করার দাবি জানায়।সুরঞ্জিত বলেন, "তাদের নিজেদের মধ্যে এবং পার্বত্য তিন জেলার সাংসদদের সঙ্গে আলোচনর মাধ্যমে আমাদের কাছে একটি সমন্বিত দাবি জানানোর পরামর্শ দিয়েছি আমি।"

আঞ্চলিক স্বায়ত্তশাসন এবং জাতিসত্তার স্বীকৃতি দাবিতে ১৯৭৫ সালে মানবেন্দ্র নারায়ণ লারমার (এমএন লারমা) নেতৃত্বে সশস্ত্র সংগ্রাম শুরু করে একদল পাহাড়ি। গঠন করা হয় শান্তি বাহিনী। যার নেতৃত্বে ছিলেন এমএন লারমার ছোট ভাই জ্যোতিরিন্দ্র বোধিপ্রিয় লারমা। এমএন লারমার মৃত্যুর পর ১৯৯৭ সালে পার্বত্য শান্তি চুক্তির আওতায় সশস্ত্র লড়াইয়ের পথ ছাড়ে সন্তু লারমা নেতৃত্বাধীন জনসংহতি সমিতি। ওই সময় চুক্তির বিরোধিতাকারী পাহাড়ি নেতারা ইউপিডিএফ গঠন করেন। এরপর থেকে দুটি সংগঠনের মধ্যে সংঘাত-সহিংসতা লেগে আছে।

ঝিনাইদহের শৈলকুপায় অস্ত্রসহ ১ জন গ্রেপ্তার

ঝিনাইদহ, সেপ্টেম্বর ০৪।-ঝিনাইদহের শৈলকুপা উপজেলায় শুক্রবার রাতে অস্ত্রসহ একজন গ্রেপ্তার হয়েছে। পুলিশ বলছে, গ্রেপ্তারকৃত রেজাউল ইসলাম একটি সন্ত্রাসী বাহিনীর শৈলকুপা উপজেলার নলখোলা গ্রামের জরিমুদ্দিন ছেলে।

বিডিনিউজ জানায়: শৈলকুপা থানার ওসি আনোয়ার হোসেন বলেন, শুক্রবার রাতে রেজাউল লাঙ্গলবাঁধ বাজার এলাকায় ডাকাতির প্রস্তুতি নিচ্ছে এমন খবর পেয়ে সেখানে অভিযান চালায় থানা পুলিশ। এসময় ওই এলাকা থেকে একটি শার্টারগান ও ২ রাউন্ড গুলিসহ রেজাউলকে গ্রেপ্তার করা হয়।
তিনি জানান, ৮-১০ জন সন্ত্রাসীর একটি বাহিনী গঠন করে শৈলকুপা উপজেলার হাকিমপুর ও ধলহরাচন্দ্র ইউনিয়ন এবং রাজবাড়ী জেলার পাংশা উপজেলার বিভিন্ন এলাকার রাস্তায় ডাকাতি ও ছিনতাই করতো রেজাউল ।এ ব্যাপারে শৈলকুপা থানায় অস্ত্র আইনে একটি মামলা হয়েছে বলে পুলিশ কর্মকর্তা আনোয়ার জানান।

নতুন প্রজন্মকে মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস জানানোর চেষ্টা চলছে : প্রধানমন্ত্রী

ঢাকা, সেপ্টেম্বর ০৪ ।- প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, জাতির বৃহত্তর স্বার্থে সরকার নতুন প্রজন্মের কাছে দেশের মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস তুলে ধরার চেষ্টা চালিয়ে যাচ্ছে।
বিডিনিউজ জানায়: রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে শনিবার বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন উপলক্ষে শিশু-কিশোরদের জন্য আয়োজিত বিভিন্ন বিষয়ে প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণের সময় শেখ হাসিনা এ কথা বলেন। ২০০৬, ২০০৮, ২০০৯, ২০১০ এই চার বছরের প্রতিযোগিতায় বিজয়ীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়।
প্রধানমন্ত্রী মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস তুলে ধরার জন্য শিক্ষাবিদ ও অভিভাবকসহ সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানান ।শেখ হাসিনা বঙ্গবন্ধু স্মৃতি ট্রাস্টের কর্মকান্ড তুলে ধরে বলেন, এখান থেকে প্রতিবছর এক হাজার থেকে ১২শ’ ছাত্র-ছাত্রীকে বৃত্তি দেয়া ছাড়াও বিভিন্নভাবে মানুষকে আর্থিক সহায়তা দেয়া হয়। অস্বচ্ছলদের কাউকে কাউকে ট্রাস্টে চাকরি দেয়া হয়েছে।
গত জানুয়ারি থেকে মার্চ পর্যন্ত প্রায় ৮ লাখ মানুষকে বিনামূল্যে চিকিৎসা দেয়া হয়েছে জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, ২০০৪ সালের ২১ আগস্ট আওয়ামী লীগের সমাবেশে গ্রেনেড হামলায় আহত ৪২ জনের চিকিৎসার ব্যবস্থা করা হয়েছে। এছাড়া ট্রাস্টের উদ্যোগে বঙ্গবন্ধু ৭ মার্চের ভাষণের উপর সেমিনার-সিম্পোজিয়াম করা হয় ।প্রধানমন্ত্রী বলেন, সরকার দেশের মানুষের ভাত, কাপড়, বাসস্থানসহ মৌলিক সমস্যা সমাধানের জন্য কাজ করে যাচ্ছে। তিনি বলেন, “১৯৭৫ সালে বঙ্গবন্ধুকে হত্যার পর যারা ক্ষমতা দখল করেছিল তারা আমাকে দেশে আসতে দেয়নি। পরবর্তীতে ৮১ সালে আমি যখন দেশে ফিরে আসি জেনারেল জিয়াউর রহমান আমাকে ধানমন্ডি ৩২ নাম্বারের বাড়িতে ঢুকতে দেয়নি।
“আমি রাস্তায় মিলাদ পড়েছি। বিচারপতি সাত্তার সরকার আমাকে ধানমন্ডির বাড়িটি বুঝিয়ে দেন। যখন আমি বাড়িটি বুঝে পাই তখন এটি ছিল বিধ্বস্ত। খুনিরা শুধু আমার বাবা, মা, ভাইকে হত্যা করেনি তারা বাড়িটির সবকিছু লুট করেছিল।”অধ্যাপক এফ সালাহউদ্দিন আহমেদের সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে আরো বক্তৃতা দেন বঙ্গবন্ধু স্মৃতি টাস্ট্রের সদস্য সচিব শেখ হাফিজুর রহমান, জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য কাজী শহীদুল্লাহ, বাংলা একাডেমীর মহাপরিচালক অধ্যাপক শামসুজ্জামান খান, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরের কিউরেটার সিদ্দিকুর রহমান প্রমুখ।

সংবাদপত্রে ঈদের ছুটি ৯-১১ সেপ্টেম্বর

ঢাকা, সেপ্টেম্বর ০৪ ।- ঈদ-উল-ফিতর উপলক্ষে আগামী ৯ থেকে ১১ সেপ্টেম্বর পর্যন্ত সংবাদপত্র অফিসে ছুটি ঘোষণা করা হয়েছে।
বিডিনিউজ জানায়: সংবাদপত্র মালিক সমিতির (নোয়াব) নির্বাহী কমিটির এক সংবাদ বিজ্ঞপ্তিতে শনিবার এ কথা জানানো হয়। এতে বলা হয়, আগামী ১১ সেপ্টেম্বর ঈদ হলে ১২ সেপ্টেম্বরও অফিস ছুটি থাকবে।

বেতন-বোনাসের দাবিতে বিশৃঙ্খলা হলে কঠোর ব্যবস্থা নেয়া হবে

ঢাকা, সেপ্টেম্বর ০৪ ।- ঈদকেন্দ্রিক বেতন-বোনাসের দাবিতে পোশাক শিল্পে বিশৃঙ্খলা সৃষ্টি করলে কঠোর ব্যবস্থা নেবে পুলিশ। শনিবার এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়।বিডিনিউজ জানায়: পুলিশ সদর দপ্তরে অনুষ্ঠিত আইন-শৃঙ্খলা পরিস্থিতি বিষয়ক এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয় বলে সদর দপ্তরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। তবে ঈদের আগেই শ্রমিকদের বেতন-ভাতা পরিশোধ করতে পোশাক কারখানার মালিক এবং বাংলাদেশ তৈরি পোশাক প্রস্তুত ও রপ্তানিকারক সমিতি (বিজিএমইএ) ও বাংলাদেশ নীটওয়্যার প্রস্তুত ও রপ্তানিকারক সমিতিকে (বিকেএমইএ) প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ জানানো হয়েছে।সভায় পুলিশ মহাপরিদর্শক হাসান মাহমুদ খন্দকার ঈদে ঘরমুখো মানুষের নিরাপত্তা বিধানে পেশাদারিত্ব ও আন্তরিকতার সঙ্গে পুলিশ বাহিনীকে দায়িত্ব পালনের নির্দেশ দেন।

ঈদের আগে এবং পরের কয়েকদিন তৈরি পোশাক শিল্প এলাকায় পুলিশ ও র‌্যাবের টহল বাড়ানোসহ গোয়েন্দা নজরদারি জোরদারেরও সিদ্ধান্ত নেয়া হয়। এতে বলা হয়, এক্ষেত্রে কেউ বিশৃঙ্খলা সৃষ্টির চেষ্টা করলে তাৎক্ষণিকভাবে কঠোর ব্যবস্থা নেয়া হবে। এছাড়া সব ধরনের চাঁদাবাজি প্রতিরোধে সড়কপথে ও মার্কেটগুলোতে পর্যাপ্ত পুলিশি নিরাপত্তা জোরদারেরও সিদ্ধান্ত হয়। সভায় আরো জানানো হয়, মহাসড়কে যানজট নিরসনে হাইওয়ে পুলিশের পাশাপাশি জেলা পুলিশ ও কমিউনিটি পুলিশও ট্রাফিক নিয়ন্ত্রণের দায়িত্ব পালন করবে। লঞ্চগুলোতে যাতে অতিরিক্ত যাত্রী বোঝাই না করা হয় সে বিষয়ে র‌্যাব ও পুলিশকে সতর্ক থাকার নির্দেশ দেয়া হয়েছে। পুলিশের মহাপরিদর্শক হাসান মাহমুদ খন্দকারের সভাপতিত্বে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন- পুলিশের অতিরিক্ত মহাপরিদর্শক (অর্থ) শামছুদ্দোহা খন্দকার, পুলিশের অতিরিক্ত মহাপরিদর্শক (প্রশিক্ষণ) মুহাম্মদ আমিনুল ইসলাম, পুলিশের বিশেষ শাখার অতিরিক্ত মহাপরিদর্শক জাবেদ পাটোয়ারী, ঢাকা মহানগর পুলিশ কমিশনার এ.কে.এম. শহীদুল হক, র‌্যাবের মহা-পরিচালক মো. মোখলেছুর রহমান, উপ মহাপরিদর্শক (ডিআইজি-প্রশাসন) বেনজীর আহমেদ, ডিআইজি (অপরাধ) মো. আমির উদ্দিন, ঢাকা, নারায়ণগঞ্জ ও গাজীপুর জেলার পুলিশ সুপারিনটেনডেন্টসহ সেনা, গোয়েন্দা ও জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থার প্রতিনিধিরা।

গাইবান্ধায় বিএনপি নেতাসহ গ্রেপ্তার ২

গাইবান্ধা, সেপ্টেম্বর ০৪ ।- লুটপাট ও ভাংচুরের মামলায় গাইবান্ধার পলাশবাড়ী উপজেলা বিএনপি সভাপতিসহ দুইজনকে পুলিশ গ্রেপ্তার করেছে। এরা হলেন- পলাশবাড়ী উপজেলা বিএনপি সভাপতি শাহ আলম সরকার ও যুবদল কর্মী শরিফুল ইসলাম।বিডিনিউজ জানায়: শনিবার দুপুরে উপজেলা সদরের কালীবাড়ি বাজার এলাকা থেকে তাদের গ্রেপ্তার করা হয়। পলাশবাড়ী থানার ওসি আহসান হাবিব বলেন, পলাশবাড়ী মহিলা কলেজ মাঠে উপজেলা যুবদলের সম্মেলন চলছিল। সেখানে হামলার প্রস্তুতি নেয়ার সময় দুপুর ২টার দিকে কালীবাড়ি বাজার এলাকা থেকে তাদের গ্রেপ্তার করা হয়। তিনি আরো জানান, এই সম্মেলনকে কেন্দ্র করে দলের অভ্যন্তরীণ কোন্দলের কারণে শুক্রবার বিকালে উপজেলা যুবদলের আহ্বায়ক ফরিদুল হক রুবেলের মার্কেটে হামলা ও লুটপাট করা হয়। এ ঘটনায় ১৪ জনকে আসামি করে শুক্রবার রাতে ফরিদুল হক মামলা করেন। গ্রেপ্তার দু'জন এ মামলার আসামি।

আইডিবি প্রেসিডেন্টের সঙ্গে খালেদার সাক্ষাৎ

ঢাকা, সেপ্টেম্বর ০৪ ।- বিরোধীদলীয় নেতা খালেদা জিয়া শনিবার জেদ্দায় ইসলামিক ডেভেলমেন্ট ব্যাংকের (আইডিবি) প্রেসিডেন্ট ড. আহম্মদ মুহাম্মদ আলীর সঙ্গে দেখা করেছেন।

বিডিনিউজ জানায়:শনিবার বিকালে এই সাক্ষাৎ হয় বলে জানিয়েছেন তার সফরসঙ্গী বিএনপি উপদেষ্টা কাউন্সিলের সদস্য সাবিহ উদ্দিন আহমেদ।জেদ্দায় আইডিবি'র সদর দপ্তরে ড. আহম্মদের সঙ্গে আধঘণ্টা কথা বলেন খালেদা। পরে আইডিবি সম্মেলন কক্ষে সংস্থার ঊর্ধ্বতন কর্মকর্তারা ব্যাংকের কার্যক্রম খালেদা জিয়াকে অবহিত করেন।

এর আগে মক্কায় ওমরাহ পালন করেন খালেদা জিয়া। সাবিহ উদ্দিন আহমেদ বলেন, বাংলাদেশে আইডিবি পরিচালিত বিভিন্ন প্রকল্প, জ্বালানি, মানবসম্পদ উন্নয়নসহ বিভিন্ন খাতে নতুন প্রকল্পে বাংলাদেশকে সহযোগিতার বিষয়ে দুই নেতা আলোচনা করেছেন।

না'গঞ্জে ব্যবসায়ীর বাড়িতে হামলা, হত্যার হুমকি

নারায়ণগঞ্জ, সেপ্টেম্বর ০৪ ।-নারায়ণগঞ্জের সরকারদলীয় এক সাংসদের সমর্থক সন্ত্রাসীর বিরুদ্ধে সাধারণ ডায়রি (জিডি) করায় এক ব্যবসায়ীর বাড়িতে ব্যাপক হামলা ও ভাংচুর চালানোর অভিযোগ উঠেছে।

বিডিনিউজ জানায়: শনিবার সকাল ১১টায় সিলভার টেক্সটাইল মিলের ব্যবস্থাপনা পরিচালক (এমডি) মো. সাখাওয়াত হোসেনের জেলা শহরের উত্তর চাষাঢ়ার বাড়িতে এ হামলা হয়। এ সময় তারা বাড়ির আসবাবপত্র ভাংচুর ও পরিবারের চার সদস্যকে মারধর করে। ছয়তলা ভবনের বিভিন্ন ঘরে সাখাওয়াত হোসেনকে খোঁজাখুজি করে। জেলার শীর্ষ সন্ত্রাসী জহিরুল ইসলাম ভুইয়া পারভেজ ওরফে ক্যাঙ্গারু পারভেজর নেতৃত্বে দুর্বৃত্তরা এ হামলা চালায় বলে পরিবারের লোকজন অভিযোগ করেন। সাখাওয়াত হোসেনকে না পেয়ে তার মা সিলভার টেক্সটাইল মিলের চেয়ারম্যান সালমা ইয়াছমিনকে থানায় মামলা বা অভিযোগ না করার জন্য হুমকি দিয়ে আসে দুর্বৃত্তরা।

মো. সাখাওয়াত হোসেন জানান, স্পিনিং মিল করার জন্য দেড় বছর আগে কোম্পানির (সিলভার টেক্সটাইল মিল) নামে সিদ্ধিরগঞ্জের গোদনাইল এলাকায় পাশে ৬০ শতাংশ জমি কেনেন। ওই জমিতে মাটি ভরাটের কাজ চলছিল। গত বৃহস্পতিবার দুপুরে ক্যাঙ্গারু পারভেজের নেতৃত্বে সন্ত্রাসী শ্যামল, বাদল হোসেন, বিপ্লবসহ সাতজন ওই জমিতে বালু ভরাটের কাজ বন্ধ করে দেয় এবং শ্রমিকদের মারধর করে যন্ত্রপাতি নিয়ে যায়। সিলভার টেক্সটাইল মিলের কেয়ারটেকার আক্তার হোসেনকে তারা ওই জমি অর্ধেক তাদের নামে লিখে দিয়ে কাজ করতে হবে বলে জানিয়ে দেয়। তা না হলে মালিক সাখাওয়াত হোসেনকে হত্যার হুমকি দেয়। এ ঘটনায় সাখাওয়াত হোসেন গত ২ তারিখে সিদ্ধিরগঞ্জ থানায় ক্যাঙ্গারু পারভেজসহ তার সহযোগীদের বিরুদ্ধে একটি সাধারণ ডায়রি (জিডি নম্বর -৮৮) করেন।

সাখাওয়াত জানান, এই জিডি করার জেরে সকাল এগারটার দিকে ক্যাঙ্গারু পারেভেজের নেতৃত্বে সন্ত্রাসী শ্যামল, জাকির, বিপ্লব, জামান, অসি, রিয়াদসহ ৮০/৯০ জন 'ক্যাডার' অস্ত্র নিয়ে তার বাড়িতে হামলা চালায়। সাখাওয়াত হোসেন জানান, তারা বাড়ির বিভিন্ন কক্ষে ঢুকে তাকে খুঁজতে থাকে। তিনি ছয়তলা বাড়ির ছাদ থেকে লাফ দিয়ে পাশের বাড়ির ছাদে গিয়ে আশ্রয় নেন। তিনি বলেন, "এ সময় আমি ফতুল্লা থানায় ফোন করলে পুলিশ না এসে আমাকে থানায় গিয়ে অভিযোগ দিতে বলে।"

এ ঘটনায় থানায় মামলা দায়েরের প্রস্তুতি চলছে বলে সাখাওয়াত হোসেন জানান। সাখাওয়াত হোসেনের ভাগনে অনিক জানান, তিনি বাইরে থেকে বাসায় ফেরার সময় বাসার গেটে সন্ত্রাসীরা তাকে প্রচন্ড মারধর করে। বিকাল ৪টায় ফতুল্লা মডেল থানার ওসি জীবন কান্তি সরকার বলেন, এ ব্যাপারে থানায় অভিযোগ দেয়া হয়েছে। স্থানীয়দের মতে ক্যাঙ্গারু পারভেজ আওয়ামী লীগ নেতা শামীম ওসমানের সবচেয়ে কাছের মানুষ। নারায়ণগঞ্জ র‍্যাব ও পুলিশের শীর্ষ সন্ত্রাসী তালিকায় ক্যাঙ্গারু পারভেজের নাম রয়েছে বলে সূত্র জানায়। ২০০১ সালের জাতীয় সংসদ নির্বাচনের কয়েক দিন আগে ফতুল্লার পঞ্চবটিতে শামীম ওসমানের নির্বাচনী প্রচারাভিযানের গাড়িবহরে সেনাবাহিনী তল্লাশি চালিয়ে তিনটি অত্যাধুনিক অস্ত্রসহ ক্যাঙ্গারু

পারভেজকে গ্রেপ্তার করে। তার বিরুদ্ধে হত্যা, চাঁদাবাজি, ছিনতাইসহ থানায় অন্তত ১০টি মামলা রয়েছে বলে পুলিশ জানিয়েছে।

চট্টগ্রামে এলজি বন্দুক ও হেরোইনসহ গ্রেপ্তার ৪

চট্টগ্রাম, সেপ্টেম্বর ০৪ ।- চট্টগ্রামে পৃথক দু'টি অভিযানে এলজি বন্দুক ও হেরোইনসহ চারজনকে গ্রেপ্তার করেছে র‌্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব)।

বিডিনিউজ জানায়: শনিবার দুপুরে নগরীর খুলশী থানার জালালাবাদ আবাসিক এলাকার ঈশকান্দার মির্জা বিল্ডিংয়ের সামনে থেকে আক্তার হোসেন ও আদর আলী নামে দুইজনকে এলজি বন্দুকসহ গ্রেপ্তার করা হয়।র‌্যাব-৭ এর সিনিয়র সহকারী পরিচালক ক্যাপ্টের তামজিদ আব্দুর রহমান বলেন, সন্ত্রাসী তৎপরতার প্রস্তুতির সময় তাদেরকে গ্রেপ্তার করা হয়েছে। এরা ছিনতাইসহ বিভিন্ন সন্ত্রাসী কর্মকান্ডে জড়িত।

এর আগে শুক্রবার রাতে অপর এক অভিযানে একই থানার নিউ শহীদ লেইন বিহারী কলোনী থেকে ৩৯ পুরিয়া হেরোইনসহ মো. দুলাল ও মো. কুদ্দুস মিয়াকে গ্রেপ্তার করা হয়। এরা মাদক ব্যবসায়ী বলে জানান ক্যাপ্টেন তামজিদ।তিনি জানান, গ্রেপ্তারের এ দু'টি ঘটনায় পৃথক দু'টি মামলা হয়েছে।